

জাতীয় দলে দেশীয় কোচ লক্ষ্য ফেডারেশনের

আজকালের প্রতিবেদন

পাঁচ বছরের মধ্যে জাতীয় সিনিয়র ফুটবল দলের কোচের দায়িত্ব ভারতীয়দের ওপর দেওয়াই লক্ষ্য। সোমবার বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত ওয়েবিনারে জানান ফেডারেশন সচিব কুশল দাস।

করোনা-উত্তর ভারতীয় ফুটবলের ভবিষ্যৎ কী, এই বিষয়ের ওপর আলোচনায় আয়োজক সংস্থার চেয়ারম্যান, ফেডারেশনের সহ-সভাপতি সুরত দত্ত উদ্বোধনী ভাষণ দেন। কুশল দাস বলেন, 'ভারতীয় ফুটবলের উন্নতির জন্য বিভিন্ন পরিকল্পনার মধ্যে ভারতীয় কোচদের বেশি করে কাজে লাগানোর একটা ভাবনা রয়েছে। ইতিমধ্যেই বিবিয়ানো ফার্নান্দেজ অনূর্ধ্ব-১৬ দলকে নিয়ে ভাল কাজ করছে। ডেফটেশ ইন্ডিয়ান অ্যারোজ দলের চিফ কোচ। ভারতীয় সিনিয়র দলে সহকারী হিসেবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। আরও অনেক অভিজ্ঞ ভারতীয় কোচ রয়েছেন। আমি ক্লাবদের ওপর জোর খাটাতে পারব না, কিন্তু পাঁচ বছরের মধ্যে জাতীয় সিনিয়র দলের

দায়িত্ব ভারতীয় কোচের হাতে তুলে দিতে পারার লক্ষ্য নিয়ে এগোব।'

কুশল আরও বলেন, 'সরকারি বিধিনিষেধ, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রকের অনুমতির ওপর নির্ভর করছে আগস্টের মাঝামাঝি বা শেষ থেকে ভুবনেশ্বরে জাতীয় সিনিয়র ফুটবল দলের প্রি-ওয়ার্ল্ড কাপের প্রস্তুতি শিবির সম্ভব কিনা। অনূর্ধ্ব-১৭ মহিলা বিশ্বকাপের জন্য ভারতীয় দলের প্রস্তুতি শিবির গোয়ায় আগস্টে শুরু করা যায় কিনা তা নিয়ে ভাবনা-চিন্তা চলছে।'



কুশল দাস

ইন্স্টিটিউট এবার আইএসএল খেলতে পারবে কিনা এই প্রশ্নে কুশল বলেন, 'আমরা তো চাই ইন্স্টিটিউট আইএসএল খেলুক। কিন্তু ওরা তো এখনও নিজেদের অভ্যন্তরীণ সমস্যা মেটাতে পারেনি। সেটা হলে এফএসডিএলের সঙ্গে বসে একটা বড়সড় প্রক্রিয়া সারতে হবে আইএসএল খেলতে হলে। যদি এবার পারে ভাল, নইলে পরের বছর ভালভাবে তৈরি হয়ে আইএসএল খেলবে। এবার না খেললে তো মাথায় আকাশ ভেঙে পড়বে না।' বাংলায় রেফারি অ্যাকাডেমি গড়ার জন্য আইএফএ সচিব জয়দীপ মুখার্জির প্রশংসা করেন কুশল।